

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৩৬৪

১/ বিবিধ

আরবী

خمس دعوات يستجاب لهن: دعوة المظلوم حتى ينتصر، ودعوة الحاج حتى يصدر، ودعوة المجاهد حتى يقفل، ودعوة المريض حتى يبرأ، ودعوة الأخ لأخيه بظهر الغيب  
موضوع

أخرجه أبو محمد المخلدي في " ثلاثة مجالس من الأمالي " (71 – 72) ومحمد بن يوسف بن إلياس في " مشيخته (180/2) والضياء في " المنتقى من مسموعاته بمرو " (51/2) عن عبد الرحيم بن زيد العمي عن أبيه عن سعيد بن جبير عن ابن عباس مرفوعا. وقال الضياء: " قال – يعني شيخ شيخه أبا بكر يعقوب بن أحمد بن محمد بن علي الصيرفي – : حديث عزيز صحيح حسن عال

قلت: أنى له الحسن، بله الصحة؛ وعبد الرحيم هذا كذاب كما قال ابن معين؛ وقال البخاري: تركوه. وقد مضى له عدة أحاديث

وأبو هـ زيد العمي ضعيف أيضا، ولكنه خير من ابنه. وبه أعلى المناوي، وهو تقصير، موهم سلامته من علة أخرى أكبر! وتعقب أصله السيوطي الذي عزاه للبيهقي في " شعب الإيمان " فقط، بأن الحاكم رواه عنه أيضا، ومن طريقه أورده البيهقي مصرحا فكان عزوه إليه أولى

قلت: ولم أره عند الحاكم الآن ولا بعد أن وضعت له فهرسا عاما لجميع أحاديثه وأثاره وغير ذلك وسميته " بغية الحازم في فهارس مستدرك أبي عبد الله الحاكم " فلعله في بعض كتبه الأخرى، وفي آخره عند البيهقي: " وأسرع هذه الدعوات إجابة دعوة الأخ لأخيه بظهر الغيب

وقد روي الحديث بإسناد آخر عن ابن عباس مرفوعا بلفظ: " دعوتان ليس بينهما وبين الله حجاب.. " الحديث

وسیاتی تخریجه و بیان علتہ برقم (3602)

لكن هناك شواهد لدعوة المظلوم، ودعوة الأخ لأخيه في الغيب، فراجعها إن شئت في " الصحيحة " (767 و 1339)

বাংলা

১৩৬৪। পাঁচ ধরনের দু'আ কবুল করা হয়ঃ অত্যাচারিত ব্যক্তির দু'আ যে পর্যন্ত সে সাহায্যপ্রাপ্ত না হবে, হাজ্জকারী ব্যক্তির দু'আ যে পর্যন্ত সে (মক্কা) ত্যাগ না করবে, মুজাহিদের দু'আ যে পর্যন্ত জিহাদ করা বন্ধ না করবে, রোগী ব্যক্তির দু'আ যে পর্যন্ত সে আরোগ্য লাভ না করবে এবং কোন ভাই কর্তৃক অগোচরে থেকে তার অন্য ভাইয়ের জন্য দু'আ।

হাদীসটি বানোয়াট।

হাদিসটি আবু মুহাম্মাদ আল-মাখলাদী "সালাসাতু মাজালিস মিনাল আমলি" গ্রন্থে (৭১-৭২), মুহাম্মাদ ইবনু ইউসুফ ইবনে ইলয়াস তার "মাশীখাহ" গ্রন্থে (২/১৮০), যিয়া "আল-মুনতাকা মিন মাসমূয়াতিহি বিমারু" গ্রন্থে (২/৫১) আব্দুর রহীম ইবনু য়ায়েদ আল-আম্মী হতে, তিনি তার পিতা হতে, তিনি সাঈদ ইবনু জুবায়ের হতে, তিনি আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ) হতে মারফু' হিসেবে বর্ণনা করেছেন।

যিয়া মাকদেসী বলেনঃ তার শাইখের শাইখ আবু বাকর ইয়াকুব ইবনু আহমাদ ইবনে মুহাম্মাদ ইবনে আলী সায়রাফী বলেনঃ হাদীসটি সহীহ্ হাসান।

আমি (আলবানী) বলছিঃ সহীহ্ তো দূরের কথা হাসান কিভাবে? এ আব্দুর রহীম একজন মিথ্যুক যেমনটি ইবনু

মাঈন বলেছেন।

ইমাম বুখারী বলেনঃ তারা তাকে ত্যাগ করেছেন। তার সূত্রে বর্ণিত কয়েকটি হাদীস পূর্বে আলোচনা করা হয়েছে।

আর তার পিতা য়়েদ আশ্মীও দুর্বল। তবে তিনি তার ছেলের চেয়ে উত্তম। তার দ্বারাই মানবী হাদীসটির সমস্যা বর্ণনা করেছেন।

উল্লেখ্য অত্যাচারিত ব্যক্তি এবং অগোচরে থাকা ভাইয়ের জন্য অন্য ভাই কর্তৃক দু'আর ব্যাপারে সাক্ষীমূলক হাদীস বর্ণিত হয়েছে। এ কারণে এ দু'জনের দু'আ গ্রহণযোগ্য হওয়া মর্মে আমি “সিলসিলাহ্ সহীহাহ” গ্রন্থে (৭৬৭, ১৩৩৯) হাদীস বর্ণনা করেছি।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72243>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন